

া হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ (ক) মহান স্রষ্টা বিষয়ক জাল হাদীস [স্রষ্টা, সৃষ্টি ও পূর্ববর্তী নবীগণ] রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

২. ৭, ৭০ বা ৭০ হাজার পর্দা

সহীহ হাদীসে বর্ণিত হয়েছে যে, মহান আল্লাহর নূরের পর্দা রয়েছে। তবে পর্দার সংখ্যা, প্রকৃতি ইত্যাদির বিস্তারিত বিবরণ সহীহ হাদীসে পাওয়া যায় না। কিছু হাদীসে আল্লাহর পর্দার সংখ্যার কথা বলা হয়েছে। আমাদের দেশে বিভিন্ন ওয়াযে "৭০ হাজার নূরের পর্দা" "৭০ টি পর্দা", "৭টি পর্দা" ইত্যাদির কথা বলা হয়। মুহাদ্দিসগণ বিস্তারিত নিরীক্ষার মাধ্যমে দেখেছেন যে, এ অর্থের হাদীসগুলো কিছু সন্দেহাতীতভাবে মিথ্যা ও বানোয়াট কথা আর কিছু যয়ীফ, দুর্বল ও অনির্ভরযোগ্য কথা।

ফুটনোট

- [1] মুসলিম, আস-সহীহ ১/১৬১।
- [2] তাবারী, আত-তাফসীর ১৬/৯৫; কুরতুবী, আত-তাফসীর ১৫/২৯৫; ইবনু কাসীর, আত-তাফসীর ১/২৫০, ৩/৩১৭; ইবনু আর্রাক, তানযীহ ১/১৩৭, ১৪২; আব্দুল্লাহ ইবনু মুহাম্মাদ আসফাহানী, আল-আযামাহ ২/৬৬৭-৭২৪; হাইসামী, মাজমাউয যাওয়াইদ ১/৭৯-৮০; আবূ ইয়ালা, আল-মুসনাদ ১৩/৫২০; যাহাবী, মীযানুল ই'তিদাল ৫/২২৯; ইবনুল জাওযী, আল-মাউদ্'আত ১/৭৩-৭৪, সুয়ৃতী, আল-লাআলী ১/১৪-১৯।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4752

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন